গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
নিরীক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.০০০.২২৪.০১.০০৩৯.২৬.১০০৪ তারিখ: ৪ অক্টোবর ২০২৬

পরিপত্র

বিষয়: অভ্যন্তরীণ নিরীক্ষা দল গঠন, নিরীক্ষার জন্য জেলা বণ্টন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা।

Rules of Business, ১৯৯৬-এর Schedule I (Allocation of Business)-এ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত কার্যাবলির ২০ নম্বর ক্রমিকে উল্লিখিত বাজেট, হিসাব ও অর্থসংক্রান্ত দায়িত্ব পালনের অংশ হিসেবে অভ্যন্তরীণ নিরীক্ষা সুষ্ঠু ও সমন্বিতভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলোঃ

১। নিরীক্ষা দল গঠন

১.১। নিরীক্ষা শাখার বিদ্যমান জনবল বৃদ্ধি না হওয়া পর্যন্ত অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনার জন্য ৮ (আট)টি দল গঠন করতে হবে। প্রতিটি দলে ১ (এক) জন দলনেতা ও ২ (দুই) জন সদস্য থাকবেন।

১.২। মাঠপর্যায়ে নিরীক্ষার দায়িত্ব পালনে উপযুক্ত শারীরিক সক্ষমতা এবং প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতাসম্পন্ন ২৪ (চব্বিশ) জনকে নির্বাচন করতে হবে। দল গঠনের তারিখে তাঁদের প্রত্যেকের চাকরির অবশিষ্ট মেয়াদ কমপক্ষে ৬ (ছয়) মাস থাকতে হবে। নির্বাচিত ব্যক্তিদের জ্যেষ্ঠতার ভিত্তিতে নিম্নক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে।

১.৩। তালিকার প্রথম ৮ (আট) জনকে যথাক্রমে ১ থেকে ৮ নম্বর দলের দলনেতা করতে হবে। প্রথম বছরে ৯ থেকে ১৬ এবং ১৭ থেকে ২৪ নম্বর ক্রমিকে অন্তর্ভুক্ত ব্যক্তিদের প্রতিটি গুচ্ছ থেকে কনিষ্ঠ থেকে জ্যেষ্ঠ ক্রমে যথাক্রমে ১ থেকে ৮ নম্বর দলে সদস্য হিসেবে বণ্টন করতে হবে। উদহারণরুপ ১ নম্বর দলে তালিকার ১, ১৬ ও ২৪ নম্বর এবং ৮ নম্বর দলে ৮, ৯ ও ১৭ নম্বর ব্যক্তি থাকবেন।

১.৪। প্রতিবছর জ্যেষ্ঠতার হালনাগাদ তালিকা অনুযায়ী দলনেতা নির্ধারণ করতে হবে। দ্বিতীয় বছরে উভয় গুচ্ছের সদস্যদের জ্যেষ্ঠ থেকে কনিষ্ঠ ক্রমে বণ্টন করতে হবে। তৃতীয় ও পরবর্তী বছরে এ দুই পদ্ধতি পর্যায়ক্রমে অনুসরণ করতে হবে। বদলি, অবসর বা অন্য কারণে শূন্যতা সৃষ্টি হলে অনুমোদনক্রমে দল পুনর্গঠন করতে হবে।

২। নিরীক্ষার জন্য জেলা বণ্টন

২.১। নিরীক্ষা শাখা হালনাগাদ উপজেলা ও নিরীক্ষাযোগ্য ইউনিটের তালিকা অনুযায়ী জেলা বণ্টনের প্রস্তাব প্রস্তুত করবে। জেলাসমূহ অবিভাজ্য রেখে বণ্টন করতে হবে। দলগুলোর মধ্যে উপজেলার সংখ্যা যথাসম্ভব সমান রাখতে হবে; একই সঙ্গে ইউনিটের সংখ্যা, কাজের পরিমাণ, নিরীক্ষা-ঝুঁকি ও যাতায়াতের সময় বিবেচনায় কাজের ভার সুষম রাখতে হবে।

২.২। সর্বাধিক উপজেলাবিশিষ্ট ৮ (আট)টি জেলা ৮ (আট)টি পৃথক দলে বণ্টন করতে হবে। জেলা বিভাজনে নিরীক্ষাযোগ্য ইউনিটের সংখ্যা এবং প্রয়োজনীয় কর্মদিবস বিবেচনা করতে হবে।

২.৩। দূরত্ব ও যোগাযোগের বৈশিষ্ট্য বিবেচনায় সাতক্ষীরা, পঞ্চগড়, কক্সবাজার, সুনামগঞ্জ, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও কুড়িগ্রাম জেলা ৮ (আট)টি পৃথক দলে বণ্টন করতে হবে। পার্বত্য তিনটি জেলা পরবর্তী বছরগুলোতে পর্যায়ক্রমে ভিন্ন ভিন্ন দলের অনুকূলে বরাদ্দ করতে হবে।

২.৪। ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর ও মাদারীপুর জেলা ৮ (আট)টি পৃথক দলে বণ্টন করতে হবে।

২.৫। হাওরাঞ্চলভুক্ত সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও নেত্রকোনা জেলা ৪ (চার)টি পৃথক দলে বণ্টন করতে হবে। পরবর্তী বছরগুলোতে এসব জেলা পর্যায়ক্রমে ৮ (আট)টি দলের মধ্যে বণ্টনের ব্যবস্থা করতে হবে।

২.৬। কোনো জেলা একাধিক শ্রেণিতে অন্তর্ভুক্ত হলে তার বরাদ্দ একবারই গণনা করতে হবে এবং একই বরাদ্দের মাধ্যমে সংশ্লিষ্ট শ্রেণিগুলোর শর্ত পূরণ করতে হবে। বিশেষত, ২.৩ অনুচ্ছেদে সুনামগঞ্জ যে দলে বরাদ্দ হবে, ২.৫ অনুচ্ছেদের অপর তিনটি জেলা সেই দল ছাড়া অন্য তিনটি পৃথক দলে বরাদ্দ করতে হবে।

২.৭। কোনো দলনেতাকে তাঁর পূর্ববর্তী বছর নিরীক্ষার অন্তর্ভুক্ত ছিলো এবং তাঁর নিজ জেলায় নিরীক্ষার দায়িত্ব দেওয়া যাবে না। স্বার্থের সংঘাতের অন্য কোনো কারণ থাকলে সংশ্লিষ্ট ব্যক্তি তা লিখিতভাবে জানাবেন এবং তাঁর পরিবর্তে অন্য উপযুক্ত ব্যক্তিকে দায়িত্ব দিতে হবে।

২.৮। একই নম্বরের দলকে পরবর্তী বছর পূর্ববর্তী বছরের জেলা পুনরায় বরাদ্দ দেওয়া যাবে না এবং একটি দল পর্যায়ক্রমে ৬৪টি জেলা নিরীক্ষা শেষ না করা পর্যন্ত পুনরাবৃত্তি করা যাবে না। অবশিষ্ট জেলাগুলো বর্ণিত শর্ত এবং কাজের ভারসাম্য বিবেচনায় বণ্টন করতে হবে।

২.৯। নিরীক্ষা শাখা পূর্ববর্তী বছরের দল ও দলনেতাভিত্তিক জেলা বরাদ্দের রেকর্ড সংরক্ষণ করবে। শর্তগুলোর মধ্যে বাস্তব অসামঞ্জস্য দেখা দিলে প্রথমে প্রস্তাবিত বরাদ্দ পুনর্বিন্যাস করতে হবে। তাতেও সমাধান না হলে কারণ উল্লেখ করে উপযুক্ত কর্তৃপক্ষের লিখিত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে; তবে স্বার্থের সংঘাত পরিহারের শর্ত শিথিল করা যাবে না।

04.10.2026

৩। নিরীক্ষা পরিকল্পনা ও সময়সূচি

৩.১। নিরীক্ষা শাখা দল গঠন, জেলা বণ্টন ও বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করবে। পরিকল্পনায় নিরীক্ষার আওতাভুক্ত দপ্তর, হিসাবকাল, বিষয়, ঝুঁকিভিত্তিক অগ্রাধিকার, সময়সূচি ও প্রতিবেদন দাখিলের সময় উল্লেখ করতে হবে। অনুমোদিত পরিকল্পনা সংশ্লিষ্ট দপ্তরগুলোকে অবহিত করতে হবে।

৩.২। ৮ (আট)টি দলের দলনেতাদের সমন্বয়ে একটি সমন্বিত নিরীক্ষা দল গঠন করতে হবে। তাঁদের মধ্য থেকে একজনকে জ্যেষ্ঠতার ক্রমানুসারে পর্যায়ক্রমে সমন্বয়কারী মনোনীত করতে হবে। দলটি প্রতিবছর সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে মন্ত্রণালয় এবং দ্বিতীয় সপ্তাহে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করবে এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। এ ক্ষেত্রেও অনুচ্ছেদ ২.৭ এর স্বার্থের সংঘাতের শর্ত প্রযোজ্য হবে।

৩.৩। অক্টোবর মাসের প্রথম সপ্তাহ থেকে দলগুলো অনুমোদিত জেলা বণ্টন ও সময়সূচি অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ে নিরীক্ষা শুরু করবে। পরিপত্র জারির কারণে প্রথম বছর উল্লিখিত সময়সূচি উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমন্বয় করতে হবে।

৪। নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন

৪.১। প্রতিটি জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের নিরীক্ষার জন্য সাধারণভাবে ২ (দুই) কর্মদিবস নির্ধারিত থাকবে। কাজের পরিমাণ, ঝুঁকি বা বিশেষ পরিস্থিতিতে অতিরিক্ত সময় প্রয়োজন হলে কারণ উল্লেখ করে উপযুক্ত কর্তৃপক্ষের লিখিত অনুমোদন নিতে হবে।

৪.২। নিরীক্ষার পর্যবেক্ষণ প্রাসঙ্গিক নথি ও পর্যাপ্ত প্রমাণের ভিত্তিতে প্রস্তুত করতে হবে। প্রতিবেদন চূড়ান্ত করার আগে সংশ্লিষ্ট দপ্তরকে বক্তব্য প্রদানের সুযোগ দিতে হবে এবং প্রাপ্ত বক্তব্য বিবেচনায় নিতে হবে।

৪.৩। একটি জেলার অন্তর্ভুক্ত সব নিরীক্ষাযোগ্য ইউনিটের নিরীক্ষা শেষ হওয়ার পরবর্তী সাত কর্মদিবসের মধ্যে দলনেতা নিরীক্ষা শাখার মাধ্যমে মন্ত্রণালয়ের সচিবের নিকট প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদন দাখিলের আগে পরবর্তী জেলার নিরীক্ষার উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না।

৪.৪। নিরীক্ষা শাখা প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি সংরক্ষণ করবে এবং পরবর্তী করণীয় বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা গ্রহণ করবে।

৫। কার্যকারিতা

এ পরিপত্র জারির তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

04.10.2026

মুহাম্মদ মিঝানুর রহমান হাওলাদার
উপসচিব
পরিচিতি নম্বর: ৮৩৫৮
ফোন: ৫৫১০০৭৬৩
ই-মেইল: ds.audit@modmr.gov.bd

বিতরণ ও অনুলিপি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
৭। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
৮। যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৯। জেলা প্রশাসক (সকল)।
১০। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৪। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৭। সিনিয়র ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
১৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
২১। অফিস কপি।